



কুড়িগ্রাম জেলার প্রাথমিক শিক্ষা ব্যবস্থা অবহেলিত

কুড়িগ্রাম, ৮ মার্চ (নিজস্ব সংবাদদাতা)।— কর্তৃপক্ষের অবহেলা, শিক্ষকগণের খামখেয়ালী এবং সরকারী অর্থ বরাদ্দের অভাবে কুড়িগ্রাম জেলার প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে। জেলার প্রাইমারী স্কুলগুলোতে নানা সমস্যা বিরাজমান। কোন স্কুলে ছাত্র-ছাত্রীদের স্থান সংকুলান হয় না, কোনটি প্রয়োজনীয় চেয়ার, বেঞ্চ ও ব্ল্যাকবোর্ডের অভাব, কোনটির ভরন

দ্রবাজীর্ণ, আবার কোন স্কুলের দেয়াল আছে তো ছাদ নেই কিংবা উপরে টিনসেট আছে তো বেড়া নেই। অধিকাংশ স্কুলের শিক্ষকগণ সময়সূচীর খার খারেন না, ইচ্ছেমতো ১২টায় স্কুলে আসেন আবার ২টার পূর্বেই ছুটি দিয়ে বাড়ী চলে যান।

উপজেলাগুলোতে শিক্ষা অফিসার থাকলেও তারা স্কুল পরিদর্শনে আগ্রহ প্রকাশ করেন না। অধিকাংশ স্কুলে শিক্ষক সংখ্যা কম, শূন্যপদে শিক্ষক নিয়োগের ব্যাপারে অহেতুক বিলম্ব করা হচ্ছে। বেসরকারী স্কুল ও এবতেদায়ী মাদ্রাসাগুলোতে সরকারী অর্থ বরাদ্দ না থাকায় এবং শিক্ষকগণ নিয়মিত বেতন না পাওয়ায় শিক্ষার পরিবেশ বিঘ্নিত হচ্ছে। বেসরকারী স্কুলগুলোতে বিনামূল্যে পাঠ্য বই সরবরাহ করা হলেও এবতেদায়ী মাদ্রাসাগুলোতে বিনামূল্যে পাঠ্যবই সরবরাহের সরকারী ব্যবস্থা না থাকায় গরীব ছাত্র-ছাত্রীরা শিক্ষার আলো থেকে বঞ্চিত হচ্ছে।